

প্রেস বিজ্ঞপ্তি

বিশ্ব জলাভূমি দিবস-২০২০ উদযাপিত

২ ফেব্রুয়ারি ২০২০ বিশ্ব জলাভূমি দিবস। অন্যান্য বছরের ন্যায় এ বছরও দিবসটি সরকারীভাবে উদযাপন করা হয়। এ উপলক্ষে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর অদ্য ২ ফেব্রুয়ারি ২০২০ তারিখ সকাল ১০.০০ টায় পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো ভবন, ৭২ গ্রীনরোড, ঢাকা) সম্মেলন কক্ষে 'টেকসই জলাভূমি ব্যবস্থাপনা: সমৃদ্ধ জীবন' শিরোনামে সেমিনারের আয়োজন করে। সেমিনারে পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জনাব কবির বিন আনোয়ার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে প্রবন্ধ উপস্থাপন করবেন ড. মোঃ নিয়ামুল নাসের, অধ্যাপক, প্রাণীবিদ্যা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ঢাকা এবং ড. মোঃ মোহসিনুজ্জামান চৌধুরী, বায়োডাইভার্সিটি বিশেষজ্ঞ, সমীক্ষা প্রকল্প, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। সভাপতিত্ব করেন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব মোঃ মজিবুর রহমান। সেমিনারে পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ওয়ারপো, যৌথ নদী কমিশন, নদী গবেষণা উনপ্টিটিউট, সিইজিআইএস, আইডব্লিউএম, কৃষি বিভাগ, মৎস্য বিভাগসহ বিভিন্ন দপ্তরের প্রতিনিধি ও সুফলভোগীরা উপস্থিত ছিলেন। সেমিনারে প্রবন্ধ উপস্থাপকগণ বাংলাদেশে জলাভূমির ইতিহাস, জলাভূমির বর্তমান অবস্থা, দেশে জলাভূমি হতে উৎপাদিত মৎস্য সম্পদ, জলাভূমির ওপর নির্ভরশীল প্রাণির বর্তমান অবস্থা, জীববৈচিত্র্য, জলাভূমি ব্যবস্থাপনায় সমস্যা ও সম্ভাবনা, টেকসই জলাভূমি ব্যবস্থাপনা বিষয়ে করণীয়সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় তুলে ধরেন। বিভিন্ন দপ্তরের প্রতিনিধিরাও জলাভূমির প্রাকৃতিক অবস্থা নূন্যতম ক্ষতিকরে কৃষি ও মৎস্য উৎপাদন বৃদ্ধির নিমিত্ত জলাভূমি সংরক্ষণ ও উন্নয়ন সাধনের বিষয় বিবেচনা করে টেকসই জলাভূমি ব্যবস্থাপনা বিষয়ে তাদের করণীয় ও মতামত ব্যক্ত করেন। প্রধান অতিথি জনাব কবির বিন আনোয়ার জলাভূমি সংরক্ষণ ও উন্নয়নে গৃহিতব্য কার্যক্রম তুলে ধরেণ এবং টেকসই জলাভূমি ব্যবস্থাপনা জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ করবেন বলে মতামত ব্যক্ত করেন। সভাপতি জনাব মজিবুর রহমান টেকসই জলাভূমি ব্যবস্থাপনার লক্ষ্যে স্যাটেলাইট ইমেজের মাধ্যমে জলাভূমির বর্তমান অবস্থার তথ্য সংগ্রহ ও তালিকা তৈরিসহ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম তুলে ধরেন এবং সবাইকে ধন্যবাদ দিয়ে সেমিনারের সমাপ্তি ঘোষণা করেন।



০২/০২/২০২০

(ড. আলী মুহম্মদ ওমর ফারুক)

উপপরিচালক (কৃষি, পানি ও পরিবেশ)

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

ঢাকা